বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
**ক্রেডিট বিভাগ**

ফোনঃ-০২২২৩৩-৮৮৯৪৯
ই-মেইলঃ-dgmlad1@krishibank.org.bd


সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/৩(৭)/২০২৩-২০২৪/ ১ (৩৯/২২৫০)    তারিখঃ ২৪/০৭/২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ ঃ কৃষিভিত্তিক হিমাগার শিল্পের ঋণ পুনঃতফসিলিকরণে বিশেষ সুবিধা প্রদান প্রসঙ্গে।

মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের বিআরপিডি সার্কুলার নং-১৩, তারিখ ১৩ জুলাই, ২০২৩ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ এর ১৩ জুলাই, ২০২৩ তারিখের বিআরপিডি সার্কুলার নং-১৩ এ বর্ণিত নির্দেশনাসমূহ সংশ্লিষ্ট সকলের অবগতি তথা যথাযথ অনুসরণ ও পরিপালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত সার্কুলারটি নিম্নে মুদ্রণ করা হলোঃ

বাংলাদেশ একটি কৃষি প্রধান দেশ। এদেশের অধিকাংশ ক্ষুদ্র ও মাঝারি কৃষককে ফসল সংরক্ষণের জন্য প্রয়োজনীয় সুযোগসুবিধার অভাবে ফসল ঘরে তোলার মৌসুমে অপেক্ষাকৃত কম দামে তাদের উৎপাদিত ফসল বিক্রি করতে হয়। পরবর্তীতে উক্ত ফসলের বাজার দর বৃদ্ধি পেলেও প্রান্তিক কৃষক প্রত্যাশিত দাম হতে বঞ্চিত হয়। এছাড়া সংরক্ষণের অভাবে প্রতি বছর বিপুল পরিমাণ ফসল নষ্ট হয়ে যায়। বর্ণিত প্রেক্ষাপটে, কৃষিজাত পচনশীল খাদ্য দ্রব্য সংরক্ষণে হিমাগারের অপরিসীম গুরুত্ব বিবেচনায় ব্যাংক কৃষিভিত্তিক হিমাগার শিল্পখাতে বিদ্যমান প্রকল্প ও চলমান ঋণ/বিনিয়োগ হিসাবসমূহ ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে পুনঃতফসিল করতে পারবে। পুনঃতফসিলিকরণে নিম্নবর্ণিত নীতিমালা অনুসরণীয় হবে:

ক) ঋণ হিসাবসমূহের ৩০ জুন ২০২৩ ভিত্তিক স্থিতির সুদ এবং আসল পৃথককরতঃ ২টি আলাদা হিসাব সৃষ্টি করতে হবে;

খ) সুদ বাবদ স্থিতি সুদবিহীন ব্লক হিসাবে স্থানান্তর করতে হবে এবং আসল বাবদ পাওনার উপর ব্যাংক প্রচলিত নিয়মানুযায়ী সুদ আরোপ করতে পারবে;

গ) আলোচ্য ঋণ হিসাবসমূহে ১ বছরের গ্রেস পিরিয়ডসহ সর্বোচ্চ ১০ বছর মেয়াদে পুনঃতফসিল সুবিধা প্রদান করা যাবে;

ঘ) ঋণসমূহ পুনঃতফসিল করা হলেও উক্ত ঋণের বিপরীতে রক্ষিত প্রভিশন সংরক্ষণ করতে হবে। প্রকৃত আদায় ব্যতিরেকে উক্ত প্রভিশন আয়খাতে স্থানান্তর করা যাবে না;

ঙ) গ্রেস পিরিয়ড সমাপনান্তে প্রথমে আসল আদায় করতে হবে। অতঃপর ব্লক হিসাবে রক্ষিত সুদ আদায় করবে। উক্ত আসল ও সুদ বর্ণিত ৯ বছরের মধ্যে আদায়যোগ্য হবে। তবে কোন গ্রাহক ইচ্ছা করলে গ্রেস পিরিয়ডের মধ্যেও আসল এবং সুদ বাবদ পাওনা অর্থ পরিশোধ করতে পারবেন;

চ) এ খাতের ঋণসমূহ ষাণ্মাসিক কিস্তিতে আদায়যোগ্য হবে;

ছ) এ সুবিধা প্রদানের ক্ষেত্রে ঋণ পুনঃতফসিলিকরণ ও পুনর্গঠন সংক্রান্ত বিদ্যমান বিআরপিডি সার্কুলার নং-১৬/২০২২ এ বর্ণিত নির্দেশনা অনুযায়ী ডাউন পেমেন্ট আদায় করতে হবে;

জ) বিআরপিডি সার্কুলার নং-০৬/২০২২ ও বিআরপিডি সার্কুলার লেটার নং-১৮/২০২২ এ বর্ণিত নির্দেশনা পরিপালন সাপেক্ষে আলোচ্য প্রতিষ্ঠানসমূহের অনুকূলে সুদ মওকুফ সুবিধা প্রদানের বিষয়ে অর্থায়নকারী ব্যাংকের পরিচালনা পর্ষদ স্বীয় বিবেচনায় সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে;

ঝ) ইতঃপূর্বে হিমাগার খাতের জন্য ঘোষিত বিভিন্ন নীতিমালার আওতায় পুনর্গঠন/পুনঃতফসিল/সুদ মওকুফ সুবিধা গ্রহণ করার পরও যে সকল ঋণ পুনরায় খেলাপী হিসেবে চিহ্নিত হয়েছে, সে সকল ঋণও এ সার্কুলারের আওতায় নতুনভাবে পুনঃতফসিল করা যাবে;

পরবর্তী পৃষ্ঠা

Moe    [signature]

বিষয়ঃ ঃ কৃষিভিত্তিক হিমাগার শিল্পের ঋণ পুনঃতফসিলিকরণে বিশেষ সুবিধা প্রদান প্রসঙ্গে।

ঞ) জাল-জালিয়াতির মাধ্যমে সৃষ্ট ঋণের ক্ষেত্রে এ সার্কুলারে বর্ণিত সুবিধা কার্যকর হবে না;

ট) নির্ধারিত সময়ের মধ্যে আসল ও সুদ বাবদ পাওনা অর্থ আদায়ে ব্যর্থ হলে যথানিয়মে ঋণ শ্রেণীকরণ ও প্রভিশনিং করতে হবে এবং ব্যাংক আইনানুযায়ী ঋণ আদায়ের ব্যবস্থা গ্রহণ করবে;

ঠ) এ সার্কুলারের আওতায় পুনঃতফসিল সুবিধা গ্রহণে ইচ্ছুক গ্রাহক কর্তৃক নগদে ডাউন পেমেন্ট জমাপূর্বক সার্কুলার জারির ৯০ দিনের মধ্যে অর্থায়নকারী ব্যাংকের নিকট আবেদন করতে হবে;

ড) ঋণগ্রহীতার আবেদন প্রাপ্তির তারিখ হতে ৬০ দিনের মধ্যে ব্যাংক কর্তৃপক্ষ গ্রাহকের আবেদন নিষ্পত্তি করবে;

ঢ) এ সার্কুলারের আওতায় পুনঃতফসিলিকৃত ঋণ হিসাবের বিপরীতে স্থগিত সুদ হিসাবে রক্ষিত সুদ প্রকৃত আদায় ব্যতিরেকে আয়খাতে স্থানান্তর করা যাবে না;

ণ) ইসলামী শরীয়াহ্ ভিত্তিতে পরিচালিত ব্যাংকসমূহ উপরোক্ত নীতিমালা অনুসরণকরতঃ তাদের এতদ্‌সংক্রান্ত বিনিয়োগ হিসাব পুনঃতফসিলের মাধ্যমে আদায়ের ব্যবস্থা গ্রহণ করতে পারবে; এবং

ত) এ সার্কুলারের আওতায় সুবিধা গ্রহণের সময় সোলেনামার ভিত্তিতে চলমান মামলাসমূহ নিষ্পত্তি করা যেতে পারে। পরবর্তীতে কোন গ্রাহক বর্ণিত সুবিধার কোন শর্ত ভঙ্গ করলে প্রদত্ত পুনঃতফসিল সংক্রান্ত সকল সুবিধা বাতিল বলে গণ্য হবে এবং গ্রাহকের বিরুদ্ধে স্থগিত মামলা পুনরুজ্জীবিত করা যাবে।

০৩। বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়,ব্যাংকিং প্রবিধি ও নীতিবিভাগ এর ১৩ জুলাই, ২০২৩ তারিখের বিআরপিডি সার্কুলার নং-১৩ অপর পৃষ্ঠায় হুবহু পুনঃমুদ্রণ করা হলো। এমতাবস্থায়, বিআরপিডি সার্কুলার নং-১৩ মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

সংযুক্তিঃ বর্ণনামতে।

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১

সার্কুলার লেটার নং -প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/৩(৭)/২০২৩-২০২৪/ ১৬৬(১২৪৫) তারিখঃ ২৪/০৭/২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। (**উপরোক্ত সার্কুলার লেটারটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো**।)
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

28/07/2023

(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক